



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
কলেজ অনুমোদন শাখা



নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.২১.০০১.২১.২৩

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০

২০ জুলাই ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: এ বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/মহাবিদ্যালয়ের গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা প্রসঙ্গে

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়/কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, অধ্যক্ষ, শিক্ষার্থী এবং অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের গত ১৯-০৭-২০২৩ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৫২ সংখ্যক স্মারকে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে ২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষা কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার উদ্দেশ্যে ইতোপূর্বে ঘোষিত ২০ জুলাই-২০২৩ থেকে ০২ আগস্ট-২০২৩ খ্রি. পর্যন্ত মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক/দাখিল-আলিম/উচ্চ মাধ্যমিক এবং কারিগরি/সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা হয়েছে। উক্ত স্মারকে বাতিলকৃত ছুটি আগামী শীতকালীন ছুটির সাথে সমন্বয় করা হবে বলে উল্লেখ করা হয়েছে। একই সাথে আগামী ৩০ নভেম্বর-২০২৩ এর মধ্যে নতুন শিক্ষাক্রমে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির পাঠদান ও মূল্যায়নসহ অন্যান্য শ্রেণির পাঠদান ও পরীক্ষা কার্যক্রম সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের উপর্যুক্ত স্মারক পত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য এ বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/মহাবিদ্যালয়-এর প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, শিক্ষার্থী এবং অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০-৭-২০২৩

সমীর কুমার কুন্দু

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

ফ্যাক্স: ০৪২১-৬৮৬৯২

ইমেইল:

ic@jessoreboard.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, এ বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়/কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
- ২) পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর